146. আর বহু নবী ছিলেন, যাঁদের সঙ্গী-সাথীরা তাঁদের অনুবর্তী হয়ে জেহাদ করেছে; আল্লাহর পথে-তাদের কিছু কষ্ট হয়েছে বটে, কিন্তু আল্লাহর রাহে তারা হেরেও যায়নি, ক্লান্তও হয়নি এবং দমেও যায়নি। আর যারা সবর করে, আল্লাহ তাদেরকে ভালবাসেন।

147. তারা আর কিছুই বলেনি-শুধু বলেছে, হে আমাদের পালনকর্তা! মোচন করে দাও আমাদের পাপ এবং যা কিছু বাড়াবাড়ি হয়ে গেছে আমাদের কাজে। আর আমাদের দূর রাখ এবং কাফেরদের উপর আমাদের সাহায্য কর।

148. অতঃপর আল্লাহ তাদেরকে দুনিয়ার সওয়াব দান করেছেন এবং যথার্থ আখেরাতের সওয়াব। আর যারা সৎকর্মশীল আল্লাহ তাদেরকে ভালবাসেন।

149. হে ঈমানদারগণ! তোমরা যদি কাফেরদের কথা শোন, তাহলে ওরা তোমাদেরকে পেছনে ফিরিয়ে দেবে, তাতে

who are grateful.

146. And how many a prophet fought, (and) along with him (fought) many religious scholars. But they never lost heart to what afflicted them in Allah's way, nor did they weaken, nor were they brought low. And Allah loves the steadfast.

147. And their saying was nothing except that they said: "Our Lord, forgive us our sins, and our transgressions in our affairs, and establish our feet firmly, and give us victory over the disbelieving people."

148. So Allah gave them the reward of this world, and the excellent reward of the Hereafter. And Allah loves those who do good.

149. O those who believe, if you obey those who disbelieve, they will turn you back on your heels,

وَكَأَيِّنْ مِّنْ نَّبِيٍّ قَاتَلَ مَعَهُ رَبِّيُونَ  
كَثِيرٌ فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي  
سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا  
اسْتَكَانُوا وَاللَّهُ يُحِبُّ  
الصَّابِرِينَ ﴿١٤٦﴾

وَمَا كَانَ قَوْلَهُمْ إِلَّا أَنْ قَالُوا رَبَّنَا  
اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي  
أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانصُرْنَا  
عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ﴿١٤٧﴾

فَاتَّهَمُ اللَّهُ ثَوَابِ الدُّنْيَا  
وَحُسْنَ ثَوَابِ الْآخِرَةِ وَاللَّهُ يُحِبُّ  
الْمُحْسِنِينَ ﴿١٤٨﴾

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تَطِيعُوا  
الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَى

তোমরা ক্ষতির সম্মুখীণ হয়ে পড়বে।

and you will then turn back as losers.

أَعْقَابِكُمْ فَتَنْقَلِبُوا خَاسِرِينَ ﴿١٤٦﴾

150. বরং আল্লাহ তোমাদের সাহায্যকারী, আর তাঁর সাহায্যই হচ্ছে উত্তম সাহায্য।

150. But Allah is your protector, and He is the best of helpers.

بَلِ اللَّهِ مَوْلَاكُمْ وَهُوَ خَيْرُ النَّصِيرِينَ ﴿١٥٠﴾

151. খুব শীঘ্রই আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করবো। কারণ, ওরা আল্লাহর সাথে অংশীদার সাব্যস্ত করে যে সম্পর্কে কোন সনদ অবতীর্ণ করা হয়নি। আর ওদের ঠিকানা হলো দোযখের আগুন। বস্তুতঃ জালেমদের ঠিকানা অত্যন্ত নিকৃষ্ট।

151. We shall cast fear into the hearts of those who disbelieve because they ascribed partners with Allah that for which He has sent no authority. And their abode will be the Fire. And evil is the abode of the wrongdoers.

سَنُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ بِمَا أَشْرَكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزَّلْ بِهِ سُلْطَانًا وَمَأْوَاهُمُ النَّارُ وَبِئْسَ مَثْوَى الظَّالِمِينَ ﴿١٥١﴾

152. আর আল্লাহ সে ওয়াদাকে সত্যে পরিণত করেছেন, যখন তোমরা তাঁরই নির্দেশে ওদের খতম করছিলে। এমনকি যখন তোমরা ছত্রভঙ্গ হয়ে পড়েছে ও কর্তব্য স্থির করার ব্যাপারে বিবাদে লিপ্ত হয়েছে। আর যা তোমরা চাইতে তা দেখার পর কৃতঘ্নতা প্রদর্শন করেছ, তাতে তোমাদের কারো কাম্য ছিল দুনিয়া আর কারো বা কাম্য ছিল আখেরাত। অতঃপর তোমাদিগকে সরিয়ে দিলেন

152. And Allah has certainly fulfilled His promise to you when you were killing them (enemy) by His permission. Until when you lost courage, and you disputed about the order (of Muhammad) and you disobeyed, after what He had shown you that which you love. Among you are some who desired the world, and among you are some who desired the Hereafter. Then He made you

وَلَقَدْ صَدَقَكُمُ اللَّهُ وَعْدَهُ إِذْ تَحُسُّوهُمُ بِإِذْنِهِ حَتَّى إِذَا فَشِلْتُمْ وَتَنَزَّعْتُمْ فِي الْأَمْرِ وَعَصَيْتُمْ مِمَّنْ بَعْدَ مَا آوَاكُمْ مِمَّا تَحِبُّونَ مِنْكُمْ مَنْ يُرِيدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَنْ يُرِيدُ الْآخِرَةَ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ وَلَقَدْ عَفَا عَنْكُمْ وَ اللَّهُ ذُو فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ ﴿١٥٢﴾



ওদের উপর থেকে যাতে তোমাদিগকে পরীক্ষা করেন। বস্তুতঃ তিনি তোমাদিগকে ক্ষমা করেছেন। আর আল্লাহর মুমিনদের প্রতি অনুগ্রহশীল।

153. আর তোমরা উপরে উঠে যাচ্ছিলে এবং পেছন দিকে ফিরে তাকাচ্ছিলে না কারো প্রতি, অথচ রসূল ডাকছিলেন তোমাদিগকে তোমাদের পেছন দিক থেকে। অতঃপর তোমাদের উপর এলো শোকের ওপরে শোক, যাতে তোমরা হাত থেকে বেরিয়ে যাওয়া বস্তুর জন্য দুঃখ না কর এবং যার সম্মুখীণ হচ্ছ সেজন্য বিমর্ষ না হও। আর আল্লাহ তোমাদের কাজের ব্যাপারে অবহিত রয়েছেন।

154. অতঃপর তোমাদের উপর শোকের পর শান্তি অবতীর্ণ করলেন, যা ছিল তন্দ্রার মত। সে তন্দ্রায় তোমাদের মধ্যে কেউ কেউ ঝিমোচ্ছিল আর কেউ কেউ প্রাণের ভয়ে ভাবছিল। আল্লাহ সম্পর্কে তাদের মিথ্যা ধারণা হচ্ছিল মুর্খদের মত। তারা বলছিল আমাদের হাতে কি কিছুই

turn back from them (defeated), that He might test you. And He has surely forgiven you. And Allah is Most Gracious to the believers.

153. When you climbed (the hill) without looking back at anyone, while the messenger was calling you from your behind. So He repaid you with distress upon distress, that you would not grieve for that which had escaped you, nor that which had befallen you. And Allah is All informed of what you do.

154. Then after the distress, He sent down security upon you. Slumber overcoming a party of you, while (another) party, being anxious about themselves, thinking of Allah, other than the truth, the thought of ignorance. They said: "Is there for us anything in this

إِذْ تَصْعَدُونَ وَلَا تَلَوْنَ عَلَى أَحَدٍ  
وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أُخْرَاكُمْ  
فَأَثَابَكُمْ غَمًّا بِغَمِّ لَكَيْلًا  
تَحَزَّنُوا عَلَى مَا فَاتَكُمْ وَلَا مَا  
أَصَابَكُمْ وَاللَّهُ خَبِيرٌ بِمَا  
تَعْمَلُونَ

ثُمَّ أَنْزَلَ عَلَيْكُمْ مِنْ بَعْدِ الْغَمِّ  
أَمْنَةً نُعَاسًا يَعْشَى طَآئِفَةٌ مِنْكُمْ  
وَطَآئِفَةٌ قَدْ أَهَمَّتْهُمْ أَنفُسُهُمْ  
يَظُنُّونَ بِاللَّهِ غَيْرِ الْحَقِّ ظَنَّ  
الْجَاهِلِيَّةِ يَقُولُونَ هَل لَّنَا مِنَ  
الْأَمْرِ مِنْ شَيْءٍ قُلْ إِنَّ الْأَمْرَ كُلَّهُ

করার নেই? তুমি বল, সবকিছুই আল্লাহর হাতে। তারা যা কিছু মনে লুকিয়ে রাখে-তোমার নিকট প্রকাশ করে না সে সবও। তারা বলে আমাদের হাতে যদি কিছু করার থাকতো, তাহলে আমরা এখানে নিহত হতাম না। তুমি বল, তোমরা যদি নিজেদের ঘরেও থাকতে তবুও তারা অবশ্যই বেরিয়ে আসত নিজেদের অবস্থান থেকে যাদের মৃত্যু লিখে দেয়া হয়েছে। তোমাদের বুকে যা রয়েছে তার পরীক্ষা করা ছিল আল্লাহর ইচ্ছা, আর তোমাদের অন্তরে যা কিছু রয়েছে তা পরিষ্কার করা ছিল তাঁর কাম্য। আল্লাহ মনের গোপন বিষয় জানেন।

matter.” Say: “Indeed, the matter completely belongs to Allah.” They hide within themselves that which they will not reveal to you. Saying: “If there was for us (to do) in the matter anything, we would not have been killed here.” Say: “Even if you had been in your homes, those for whom killing was decreed would have gone forth to the places of their death.” And (it was) so that Allah might test what is in your breasts, and that He may purify what is in your hearts. And Allah is All Aware of what is within the breasts.

لِلّٰهِ يُخْفُونَ فِيْ اَنْفُسِهِمْ مَا لَا يُبْدُونَ لَكَ يَقُولُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَيْءٌ مَا قُتِلْنَا هٰهُنَا قُلْ لَوْ كُنْتُمْ فِيْ بُيُوتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلَىٰ مَضَاجِعِهِمْ وَلِيَبْتَلِيَ اللّٰهُ مَا فِيْ صُدُوْرِكُمْ وَلِيَمْحِصَ مَا فِيْ قُلُوْبِكُمْ وَاللّٰهُ عَلِيْمٌ بِذٰتِ الصُّدُوْرِ ﴿١٥٤﴾

155. তোমাদের মধ্য থেকে যারা মোকাবিলার দিন পৃষ্ঠ প্রদর্শন করেছিল তাদের এ পদস্খলনের কারণ এই ছিল যে, তাদের কোন কোন দুর্বলতার কারণ শয়তান তাদের পা টলিয়ে দিয়েছিল। আল্লাহ তাদেরকে ক্ষমা করে দিয়েছেন। আল্লাহ বড়ই ক্ষমাশীল ও সহনশীল।

155. Certainly, those who turned back among you on the day when the two armies met (at Uhad). It was only Satan who caused them to backslide (from the battle), because of some of that which they had earned. And Allah has surely forgiven them. Indeed, Allah is Oft

اِنَّ الَّذِيْنَ تَوَلَّوْا مِنْكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَيْنِ اِمَّا اسْتَزَلَّهُمُ الشَّيْطٰنُ بِبَعْضِ مَا كَسَبُوْا وَلَقَدْ عَفَا اللّٰهُ عَنْهُمْ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٥٥﴾

**Forgiving, Most Forbearing.**

156. হে ঈমানদারগণ! তোমরা তাদের মত হয়ো না, যারা কাফের হয়েছে এবং নিজেদের ভাই বন্ধুরা যখন কোন অভিযানে বের হয় কিংবা জেহাদে যায়, তখন তাদের সম্পর্কে বলে, তারা যদি আমাদের সাথে থাকতো, তাহলে মরতোও না আহতও হতো না। যাতে তারা এ ধারণা সৃষ্টির মাধ্যমে সংশ্লিষ্টদের মনে অনুতাপ সৃষ্টি করতে পারে। অথচ আল্লাহই জীবন দান করেন এবং মৃত্যু দেন। তোমাদের সমস্ত কাজই, তোমরা যা কিছুই কর না কেন, আল্লাহ সবকিছুই দেখেন।

156. O those who believe, do not be like those who disbelieved, and said about their brothers when they traveled through the land, or they were out in fighting: "If they had been (here) with us, they would not have died, nor would have been killed." So that Allah may make it a cause of regret in their hearts. And it is Allah who gives life and causes death. And Allah is All Seer of what you do.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ كَفَرُوا وَقَالُوا لِإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُوا فِي الْأَرْضِ أَوْ كَانُوا غُزًى لَوْ كَانُوا عِنْدَنَا مَا مَاتُوا وَمَا قُتِلُوا لِيَجْعَلَ اللَّهُ ذَلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ وَاللَّهُ يُحْيِي وَيُمِيتُ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾

157. আর তোমরা যদি আল্লাহর পথে নিহত হও কিংবা মৃত্যুবরণ কর, তোমরা যা কিছু সংগ্রহ করে থাক আল্লাহ তা'আলার ক্ষমা ও করুণা সে সবকিছুর চেয়ে উত্তম।

157. And if you are killed in the way of Allah or die, forgiveness from Allah and mercy are better than whatever they accumulate.

وَلَيْنَ قُتِلْتُمْ فِي سَبِيلِ اللَّهِ أَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللَّهِ وَرَحْمَةٌ خَيْرٌ لِّمِمَّا يَجْمَعُونَ ﴿١٥٧﴾

158. আর তোমরা মৃত্যুই বরণ কর অথবা নিহতই হও, অবশ্য আল্লাহ তা'আলার সামনেই সমবেত হবে।

158. And whether you die, or are killed, verily, unto Allah you shall be gathered.

وَلَيْنَ مُتُّمْ أَوْ قُتِلْتُمْ لَإِلَى اللَّهِ تُحْشَرُونَ ﴿١٥٨﴾



159. আল্লাহর রহমতেই আপনি তাদের জন্য কোমল হৃদয় হয়েছেন পক্ষান্তরে আপনি যদি রাগ ও কঠিন হৃদয় হতেন তাহলে তারা আপনার কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যেতো। কাজেই আপনি তাদের ক্ষমা করে দিন এবং তাদের জন্য মাগফেরাত কামনা করুন এবং কাজে কর্মে তাদের পরামর্শ করুন। অতঃপর যখন কোন কাজের সিদ্ধান্ত গ্রহণ করে ফেলেন, তখন আল্লাহ তা'আলার উপর ভরসা করুন আল্লাহ তাওয়াক্কুল কারীদের ভালবাসেন।

160. যদি আল্লাহ তোমাদের সহায়তা করেন, তাহলে কেউ তোমাদের উপর পরাক্রান্ত হতে পারবে না। আর যদি তিনি তোমাদের সাহায্য না করেন, তবে এমন কে আছে, যে তোমাদের সাহায্য করতে পারে? আর আল্লাহর ওপরই মুসলমানগণের ভরসা করা উচিত।

161. আর কোন বিষয় গোপন করে রাখা নবীর কাজ নয়। আর যে লোক গোপন করবে সে

159. So by the mercy from Allah, you (O Muhammad) were lenient with them. And if you had been stern, harsh of heart, they would have dispersed from around you. So pardon them, and seek forgiveness for them, and consult them in the affairs. Then when you have decided, then put your trust in Allah. Indeed, Allah loves those who put their trust (in Him).

160. If Allah helps you, then no one can overcome you. And if He forsakes you, then who is there who can help you after Him. And in Allah let the believers put their trust.

161. And it is not to any prophet that he would embezzle. And whoever embezzles will

فِيمَا رَحِمْتَهُ مِنَ اللَّهِ لَئِن تَهُمُّ وَلَوْ  
كُنْتَ فِظًا غَلِيظَ الْقَلْبِ لَانْفَضُّوا  
مِنْ حَوْلِكَ فَاعْفُ عَنْهُمْ  
وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي  
الْأَمْرِ فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى  
اللَّهِ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ ﴿١٥٩﴾

إِنْ يَنْصُرْكُمْ اللَّهُ فَلَا غَالِبَ  
لَكُمْ وَإِنْ يَجْذُلْكُمْ فَمَنْ ذَا  
الَّذِي يَنْصُرْكُمْ مِنْ بَعْدِهِ وَعَلَى  
اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٦٠﴾

وَمَا كَانَ لِنَبِيٍّ أَنْ يَغْلُفَ وَمَنْ يَغْلُفْ  
يَأْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيَامَةِ ثُمَّ

কিয়ামতের দিন সেই গোপন বস্তু নিয়ে আসবে। অতঃপর পরিপূর্ণভাবে পাবে প্রত্যেকে, যা সে অর্জন করেছে। আর তাদের প্রতি কোন অন্যায় করা হবে না।

come with what he embezzled on the Day of Resurrection. Then every soul will be paid in full what it has earned, and they will not be wronged.

تَوَفَّى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿١١١﴾

162. যে লোক আল্লাহর ইচ্ছার অনুগত, সে কি ঐ লোকের সমান হতে পারে, যে আল্লাহর রোষ অর্জন করেছে? বস্তুতঃ তার ঠিকানা হল দোমখা। আর তা কতইনা নিকৃষ্ট অবস্থান!

162. Is then he who follows the pleasure of Allah like him who brings upon himself the anger from Allah, and his abode is Hell, and evil, is the destination.

أَفَمَنْ اتَّبَعَ رِضْوَانَ اللَّهِ كَمَنْ بَاءَ بِسَخَطٍ مِّنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١١٢﴾

163. আল্লাহর নিকট মানুষের মর্যাদা বিভিন্ন স্তরের আর আল্লাহ দেখেন যা কিছু তারা করে।

163. They are in varying degrees with Allah. And Allah is All Seer of what they do.

هُمْ دَرَجَاتٌ عِنْدَ اللَّهِ وَاللَّهُ بَصِيرٌ ﴿١١٣﴾

164. আল্লাহ ঈমানদারদের উপর অনুগ্রহ করেছেন যে, তাদের মাঝে তাদের নিজেদের মধ্য থেকে নবী পাঠিয়েছেন। তিনি তাদের জন্য তাঁর আয়াতসমূহ পাঠ করেন। তাদেরকে পরিশোধন করেন এবং তাদেরকে কিতাব ও কাজের কথা শিক্ষা দেন। বস্তুতঃ তারা ছিল পূর্ব থেকেই পথভ্রষ্ট।

164. Certainly, Allah conferred a great favor upon the believers when He raised from among them a messenger of their own, reciting to them His verses, and purifying them, and teaching them the Book (the Quran), and wisdom. While before that they had been in manifest error.

لَقَدْ مَنَّ اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ إِذْ بَعَثَ فِيهِمْ رَسُولًا مِّنْ أَنفُسِهِمْ يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلَالٍ مُّبِينٍ ﴿١١٤﴾

165. যখন তোমাদের উপর একটি মুসীবত এসে পৌঁছাল, অথচ তোমরা তার পূর্বেই

165. And why (was it so) when a disaster struck you (in Uhad),

أَوَلَمْآ أَصْبِتْكُمْ مُّصِيبَةً قَدْ

দ্বিগুণ কষ্টে পৌছে গিয়েছ, তখন কি তোমরা বলবে, এটা কোথা থেকে এল? তাহলে বলে দাও, এ কষ্ট তোমাদের উপর পৌছেছে তোমারই পক্ষ থেকে। নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক বিষয়ের উপর ক্ষমতাশীল।

although you had struck (them with a disaster) twice as (great in Badr), you said: "From where is this." Say: "It is from yourselves." Indeed, Allah has power over all things.

أَصَبْتُمْ مِثْلَهَا قُلْتُمْ أَنَّى هَذَا قُلْ هُوَ مِنْ عِنْدِ أَنْفُسِكُمْ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١١٥﴾

166. আর যেদিন দু'দল সৈন্যের মোকাবিলা হয়েছে; সেদিন তোমাদের উপর যা আপতিত হয়েছে তা আল্লাহর হুকুমই হয়েছে এবং তা এজন্য যে, তাতে ঈমানদারদিগকে জানা যায়।

166. And that which befell you, on the day (of Uhad) when the two armies met, was by permission of Allah, and that He might know the true believers.

وَمَا أَصَابَكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ فَبِإِذْنِ اللَّهِ وَلِيَعْلَمَ الْمُؤْمِنِينَ ﴿١١٦﴾

167. এবং তাদেরকে যাতে সনাক্ত করা যায় যারা মুনাফিক ছিল। আর তাদেরকে বলা হল এসো, আল্লাহর রাহে লড়াই কর কিংবা শত্রুদিগকে প্রতিহত কর। তারা বলেছিল, আমরা যদি জানতাম যে, লড়াই হবে, তাহলে অবশ্যই তোমাদের সাথে থাকতাম। সে দিন তারা ঈমানের তুলনায় কুফরীর কাছাকাছি ছিল। যা তাদের অন্তরে নেই তারা নিজের মুখে সে কথাই বলে বস্তুতঃ আল্লাহ ভালভাবে জানেন তারা যা

167. And that He might know those who are the hypocrites. And to whom it was said: "Come, fight in the way of Allah, or defend." They said: "If we had known (there would be) fighting, we would certainly have followed you." They were nearer to disbelief that day than to faith. Saying with their mouths that which was not in their hearts. And Allah is best aware of what they conceal.

وَلِيَعْلَمَ الَّذِينَ نَافَقُوا وَقِيلَ لَهُمْ تَعَالَوْا قَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَوْ ادْفَعُوا قَالُوا لَوْ نَعْلَمُ قِتَالًا لَاتَّبَعْنَاكُمْ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيمَانِ يَقُولُونَ بِأَفْوَاهِهِمْ مَا لَيْسَ فِي قُلُوبِهِمْ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُونَ ﴿١١٧﴾



কিছু গোপন করে থাকে।

168. ওরা হলো যে সব লোক, যারা বসে থেকে নিজেদের ভাইদের সম্বন্ধে বলে, যদি তারা আমাদের কথা শুনত, তবে নিহত হত না। তাদেরকে বলে দিন, এবার তোমাদের নিজেদের উপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও, যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।

169. আর যারা আল্লাহর রাহে নিহত হয়, তাদেরকে তুমি কখনো মৃত মনে করো না। বরং তারা নিজেদের পালনকর্তার নিকট জীবিত ও জীবিকাপ্রাপ্ত।

170. আল্লাহ নিজের অনুগ্রহ থেকে যা দান করেছেন তার প্রেক্ষিতে তারা আনন্দ উদযাপন করছে। আর যারা এখনও তাদের কাছে এসে পৌঁছেনি তাদের পেছনে তাদের জন্যে আনন্দ প্রকাশ করে। কারণ, তাদের কোন ভয় ভীতিও নেই এবং কোন চিন্তা ভাবনাও নেই।

171. আল্লাহর নেয়ামত ও অনুগ্রহের জন্যে তারা আনন্দ প্রকাশ করে এবং তা এভাবে যে, আল্লাহ,

168. Those who said about their brothers while sitting (at homes): “If they had obeyed us, they would not have been killed.” Say (O Muhammad): “Then avert death from yourselves if you are truthful.”

169. And do not think of those who are killed in the way of Allah as dead. Nay but, they are alive with their Lord, they are given provision.

170. Jubilant in that which Allah has bestowed upon them of His bounty, and rejoicing about those (to be martyred) who have not joined them, from those left behind, that there shall be no fear upon them, nor shall they grieve.

171. They rejoice because of the favor from Allah and a bounty, and that Allah will not waste the

الَّذِينَ قَالُوا لِإِخْوَانِهِمْ وَقَعَدُوا الْوَأَطَاعُونَا مَا قُتِلُوا قُلْ فَادْرَأُوا عَنْ أَنْفُسِكُمُ الْمَوْتَ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿١٦٨﴾

وَلَا تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ ﴿١٦٩﴾

فَرِحِينَ بِمَا آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ وَيَسْتَبْشِرُونَ بِالَّذِينَ لَمْ يَلْحَقُوا بِهِمْ مِنْ خَلْفِهِمْ أَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١٧٠﴾

يَسْتَبْشِرُونَ بِنِعْمَةِ اللَّهِ مِنْ اللَّهِ وَفَضْلٍ وَأَنَّ اللَّهَ لَا يُضِيعُ أَجْرَ

ঈমানদারদের শ্রমফল  
বিনষ্ট করেন না।

reward of those who  
believe.

الْمُؤْمِنِينَ

172. যারা আহত হয়ে  
পড়ার পরেও আল্লাহ এবং  
তাঁর রসূলের নির্দেশ মান্য  
করেছে, তাদের মধ্যে যারা  
সৎ ও পরহেয়গার, তাদের  
জন্য রয়েছে মহান  
সওয়াব।

172. Those who  
responded to Allah and  
the messenger after  
what befell them of  
injury (in the fight).  
For those who did  
good among them, and  
feared (Allah), there is  
a great reward.

الَّذِينَ اسْتَجَابُوا لِلَّهِ وَالرَّسُولِ  
مِنْ بَعْدِ مَا أَصَابَهُمُ الْقَرْحُ  
لِلَّذِينَ أَحْسَنُوا مِنْهُمْ وَاتَّقُوا  
أَجْرٌ عَظِيمٌ

173. যাদেরকে লোকেরা  
বলেছে যে, তোমাদের সাথে  
মোকাবেলা করার জন্য  
লোকেরা সমাবেশ করেছে  
বহু সাজ-সরঞ্জাম; তাদের  
ভয় কর। তখন তাদের  
বিশ্বাস আরও দৃঢ়তর হয়ে  
যায় এবং তারা বলে,  
আমাদের জন্য আল্লাহই  
যথেষ্ট; কতই না চমৎকার  
কামিয়াবীদানকারী।

173. Those (believers)  
to whom men  
(hypocrites) said:  
“Surely, the people (an  
army of pagans) have  
gathered against you,  
so fear them.” But it  
(only) increased them  
in faith, and they said:  
“Allah is sufficient for  
us, and excellent (is  
He) for trusting.”

الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ  
قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ  
فَزَادَهُمْ إِيمَانًا ط وَقالُوا حَسْبُنَا  
اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

174. অতঃপর ফিরে এল  
মুসলমানরা আল্লাহর  
অনুগ্রহ নিয়ে, তাদের কিছুই  
অনিষ্ট হলো না। তারপর  
তারা আল্লাহর ইচ্ছার  
অনুগত হল। বস্তুতঃ  
আল্লাহর অনুগ্রহ অতি  
বিরাট।

174. So they returned  
with favor from Allah  
and bounty, no harm  
touched them. And  
they followed the  
pleasure of Allah. And  
Allah is the owner of  
great bounty.

فَانْقَلَبُوا بِنِعْمَةٍ مِّنَ اللَّهِ وَفُضِّلَ  
لَهُمْ يَمَسُّهُمْ سُوءٌ وَاتَّبَعُوا  
رِضْوَانَ اللَّهِ وَاللَّهُ ذُو فَضْلٍ  
عَظِيمٍ

175. এরা যে রয়েছে,  
এরাই হলে শয়তান, এরা  
নিজেদের বন্ধুদের ব্যাপারে

175. That is only the  
Satan who frightens  
(you) of his

إِنَّمَا ذَلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ

ভীতি প্রদর্শন করে। সুতরাং তোমরা তাদের ভয় করো না। আর তোমরা যদি ঈমানদার হয়ে থাক, তবে আমাকে ভয় কর।

supporters. So do not fear them, and fear Me, if you are (true) believers.

أُولِيَاءَهُ ۖ فَلَا تَخَافُوهُمْ وَخَافُونَ  
إِن كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿١٧٥﴾

176. আর যারা কুফরের দিকে ধাবিত হচ্ছে তারা যেন তোমাдиগকে চিন্তাশ্রিত করে না তোলে। তারা আল্লাহ তাআলার কোন কিছুই অনিষ্ট সাধন করতে পারবে না। আখেরাতে তাদেরকে কোন কল্যাণ দান না করাই আল্লাহর ইচ্ছা। বস্তুতঃ তাদের জন্য রয়েছে মহা শাস্তি।

176. And let not grieve you (O Muhammad) those who hasten into disbelief. Indeed, they will never harm Allah anything at all. Allah intends that He should give them no portion in the Hereafter. And for them is a great punishment.

وَلَا يَحْزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي  
الْكُفْرِ إِنَّهُمْ لَن يُضِرُّوا اللَّهَ شَيْئًا  
يُرِيدُ اللَّهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حِطًّا فِي  
الْآخِرَةِ وَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿١٧٦﴾

177. যারা ঈমানের পরিবর্তে কুফর ক্রয় করে নিয়েছে, তারা আল্লাহ তাআলার কিছুই ক্ষতিসাধন করতে পারবে না। আর তাদের জন্য রয়েছে বেদনাদায়ক শাস্তি।

177. Certainly, those who purchase disbelief for (the price of) faith, never will they harm Allah anything at all. And for them is a painful punishment.

إِنَّ الَّذِينَ اشْتَرُوا الْكُفْرَ  
بِالْإِيمَانِ لَن يُضِرُّوا اللَّهَ شَيْئًا  
وَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٧٧﴾

178. কাফেররা যেন মনে না করে যে আমি যে, অবকাশ দান করি, তা তাদের পক্ষে কল্যাণকর। আমি তো তাদেরকে অবকাশ দেই যাতে করে তারা পাপে উন্নতি লাভ করতে পারে। বস্তুতঃ তাদের জন্য রয়েছে লাঞ্ছনাজনক শাস্তি।

178. And let not those who disbelieve think that the respite We give them is good for them. We only give them respite that they may increase in sin. And for them is a humiliating punishment.

وَلَا يَحْسِبَنَّ الَّذِينَ كَفَرُوا أَنَّ  
مُؤْمَلِيَهُمْ خَيْرٌ لِّأَنفُسِهِمْ إِنَّمَا  
مُؤْمَلِيَهُمْ لِيَزْدَادُوا إِثْمًا وَهُمْ  
عَذَابٌ مُّهِينٌ ﴿١٧٨﴾



179. নাপাককে পাক থেকে পৃথক করে দেয়া পর্যন্ত আল্লাহ এমন নন যে, ঈমানদারগণকে সে অবস্থাতেই রাখবেন যাতে তোমরা রয়েছ, আর আল্লাহ এমন নন যে, তোমাদিগকে গায়বের সংবাদ দেবেন। কিন্তু আল্লাহ স্বীয় রসূল গণের মধ্যে যাকে ইচ্ছা বাছাই করে নিয়েছেন। সুতরাং আল্লাহর ওপর এবং তাঁর রসূলগণের ওপর তোমরা প্রত্যয় স্থাপন কর। বস্তুতঃ তোমরা যদি বিশ্বাস ও পরহেযগারীর ওপর প্রতিষ্ঠিত থেকে থাক, তবে তোমাদের জন্যে রয়েছে বিরাট প্রতিদান।

180. আল্লাহ তাদেরকে নিজের অনুগ্রহে যা দান করেছেন তাতে যারা কৃপণতা করে এই কার্পন্য তাদের জন্যে মঙ্গলকর হবে বলে তারা যেন ধারণা না করে। বরং এটা তাদের পক্ষে একান্তই ক্ষতিকর প্রতিপন্ন হবে। যাতে তারা কার্পন্য করে সে সমস্ত ধন-সম্পদকে কিয়ামতের দিন তাদের গলায় বেড়ী বানিয়ে পরানো হবে। আর আল্লাহ হচ্ছেন আসমান ও যমীনের

179. Allah will not leave the believers in that (state) in which you are (now), until He separates the evil from the good. Nor would Allah disclose to you of the unseen. But Allah chooses of His messengers whom He wills. So believe in Allah and His messengers. And if you believe and fear (Allah), then for you there is a great reward.

180. And let not those who withhold that which Allah has bestowed upon them of His bounty think that it is better for them. Nay, it is worse for them. It will be a twisted collar around their necks that which they withheld on the Day of Resurrection. And to Allah belongs the heritage of the heavens and the earth.

مَا كَانَ اللَّهُ لِيَذَرَ الْمُؤْمِنِينَ عَلَىٰ مَا أَنْتُمْ عَلَيْهِ حَتَّىٰ يَمِيزَ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ وَمَا كَانَ اللَّهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلَكِنَّ اللَّهَ يَجْتَبِي مِنْ رُسُلِهِ مَنْ يَشَاءُ ۚ فَأَمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ وَإِنْ تُؤْمِنُوا وَتَتَّقُوا فَلَكُمْ أَجْرٌ عَظِيمٌ ﴿١٧٩﴾

وَلَا يَحْسَبَنَّ الَّذِينَ يَبْخُلُونَ بِمَا أَنَّهُمْ آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ هُوَ خَيْرًا لَّهُمْ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ سَيُطَوَّقُونَ مَا بَخُلُوا بِهِ يَوْمَ الْقِيَامَةِ ۗ وَاللَّهُ مِيرَاتُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١٨٠﴾

পৰম সত্বাধিকারী। আর যা কিছু তোমরা কর; আল্লাহ সে সম্পর্কে জানেন।

And Allah is well informed of what you do.

181. নিঃসন্দেহে আল্লাহ তাদের কথা শুনেছেন, যারা বলেছে যে, আল্লাহ হচ্ছেন অভাবগ্রস্ত আর আমরা বিত্তবান! এখন আমি তাদের কথা এবং যেসব নবীকে তারা অন্যায়ভাবে হত্যা করেছে তা লিখে রাখব, অতঃপর বলব, আশ্বাদন কর জ্বলন্ত আগুনের আযাব।

181. Certainly, Allah has heard the statement of those who said: "Indeed, Allah is poor, and we are rich." We shall record what they said, and their killing of the prophets without right, and We shall say: "Taste you the punishment of burning fire."

لَقَدْ سَمِعَ اللَّهُ قَوْلَ الَّذِينَ قَالُوا  
إِنَّ اللَّهَ فَقِيرٌ وَنَحْنُ أَغْنِيَاءُ  
سَنَكْتُبُ مَا قَالُوا وَقَتْلَهُمُ  
الْأَنْبِيَاءَ بِغَيْرِ حَقٍّ وَنَقُولُ ذُوقُوا  
عَذَابَ الْحَرِيقِ ﴿١٨١﴾

182. এ হল তারই প্রতিফল যা তোমরা ইতিপূর্বে নিজের হাতে পাঠিয়েছ। বস্তুতঃ আল্লাহ বান্দাদের প্রতি অত্যাচার করেন না।

182. That is because of that which your own hands have sent before. And certainly, Allah is not unjust to (His) servants.

ذَلِكَ بِمَا قَدَّمْتُمْ أَيْدِيكُمْ وَأَنَّ  
اللَّهَ لَيْسَ بِظَلَّامٍ لِلْعَبِيدِ ﴿١٨٢﴾

183. সে সমস্ত লোক, যারা বলে যে, আল্লাহ আমাদের এমনি কোন রসূলের ওপর বিশ্বাস না করতে বলে রেখেছেন যতক্ষণ না তারা আমাদের নিকট এমনি কোরবানী নিয়ে আসবেন যাকে আগুন গ্রাস করে নেবে। তুমি তাদের বলে দাও, তোমাদের মাঝে আমার পূর্বে বহু রসূল নিদর্শনসমূহ এবং তোমরা যা আশ্বাদন করেছ তা নিয়ে

183. Those who said: "Indeed, Allah has taken our promise that we believe not in any messenger until he brings to us an offering which fire (from heaven) shall devour." Say (O Muhammad): "There have indeed come to you messengers before me with clear signs, and with that which you

الَّذِينَ قَالُوا إِنَّ اللَّهَ عَاهِدَ إِلَيْنَا أَلَّا  
نُؤْمِنَ لِرَسُولٍ حَتَّىٰ يَأْتِيَنَا  
بِقُرْبَانٍ تَأْكُلُهُ النَّارُ قُلْ قَدْ  
جَاءَكُمْ رَسُولٌ مِّن قَبْلِي بِالْبَيِّنَاتِ  
وَبِالَّذِي قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوهُمْ  
إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿١٨٣﴾

এসেছিলেন, তখন তোমরা কেন তাদেরকে হত্যা করলে যদি তোমরা সত্য হয়ে থাক।

184. তাছাড়া এরা যদি তোমাকে মিথ্যা প্রতিপন্ন করে, তবে তোমার পূর্বেও এরা এমন বহু নবীকে মিথ্যা প্রতিপন্ন করেছে, যারা নিদর্শন সমূহ নিয়ে এসেছিলেন। এবং এনেছিলেন সহীফা ও প্রদীপ্ত গ্রন্থ।

185. প্রত্যেক প্রাণীকে আশ্বাদন করতে হবে মৃত্যু। আর তোমরা কিয়ামতের দিন পরিপূর্ণ বদলা প্রাপ্ত হবে। তারপর যাকে দোযখ থেকে দূরে রাখা হবে এবং জান্নাতে প্রবেশ করানো হবে, তার কার্যসিদ্ধি ঘটবে। আর পার্থিব জীবন ধোঁকা ছাড়া অন্য কোন সম্পদ নয়।

186. অবশ্য ধন-সম্পদে এবং জনসম্পদে তোমাদের পরীক্ষা হবে এবং অবশ্য তোমরা শুনবে পূর্ববর্তী আহলে কিতাবদের কাছে এবং মুশরেকদের কাছে বহু অশোভন উক্তি। আর যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং পরহেয়গারী অবলম্বন

describe. So why did you kill them, if you are truthful.”

184. Then if they deny you (O Muhammad), so indeed were denied messengers before you, who came with clear signs, and the Scripture, and the enlightening Book.

185. Every soul will taste death. And you will only be paid in full your wages on the Day of Resurrection. Then whoever is removed from the Fire, and is admitted to Paradise, then indeed, he is successful. And the life of this world is not but an enjoyment of deception.

186. You shall certainly be tested in your wealth, and your personal selves, and you shall certainly hear from those who were given the Scripture before you, and from those who ascribe partners

فَإِنْ كَذَّبُوكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ  
مِّن قَبْلِكَ جَاءُوا بِالْبَيِّنَاتِ وَالزُّبُرِ  
وَالكِتَابِ الْمُنِيرِ ﴿١٨٤﴾

كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ وَإِنَّمَا  
تُوَفَّوْنَ أَجُورَكُمْ يَوْمَ الْقِيَامَةِ  
فَمَن زُحْزِحَ عَنِ النَّارِ وَأُدْخِلَ  
الْجَنَّةَ فَقَدْ فَازَ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا  
إِلَّا مَتَاعُ الْعُرُورِ ﴿١٨٥﴾

لَتُبْلَوْنَ فِي أَمْوَالِكُمْ  
وَأَنفُسِكُمْ<sup>ت</sup> وَلَتَسْمَعَنَّ مِنَ  
الَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلِكُمْ  
وَمِنَ الَّذِينَ أَشْرَكُوا آذَى كَثِيرًا



কর, তবে তা হবে একান্ত  
সংসাহসের ব্যাপার।

(to Allah) many hurtful  
things. And if you  
persevere and fear  
(Allah), then indeed  
that is of the matters of  
determination.

وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا فَإِنَّ ذَلِكَ  
مِنْ عَزْمِ الْأُمُورِ ﴿١٨٦﴾

187. আর আল্লাহ যখন  
আহলে কিতাবদের কাছ  
থেকে প্রতিজ্ঞা গ্রহণ করলেন  
যে, তা মানুষের নিকট  
বর্ণনা করবে এবং গোপন  
করবে না, তখন তারা সে  
প্রতিজ্ঞাকে নিজেদের  
পেছনে ফেলে রাখল আর  
তার কেনা-বেচা করল  
সামান্য মূল্যের বিনিময়ে।  
সুতরাং কতই না মন্দ  
তাদের এ বেচা-কেনা।

187. And when Allah  
took a covenant from  
those who were given  
the Scripture (saying):  
“You must make it  
clear to mankind and  
not conceal it.” But  
they threw it away  
behind their backs,  
and purchased with it  
a small gain. So evil is  
that which they have  
purchased.

وَإِذْ أَخَذَ اللَّهُ مِيثَاقَ الَّذِينَ أُوتُوا  
الْكِتَابَ لَتُبَيِّنُنَّهُ لِلنَّاسِ وَلَا  
تَكْتُمُونَهُ<sup>ق</sup> فَنَبَذُوهُ وَرَاءَ  
ظُهُورِهِمْ وَاشْتَرَوْا بِهِ ثَمَنًا قَلِيلًا  
فَبِئْسَ مَا يَشْتَرُونَ ﴿١٨٧﴾

188. তুমি মনে করো না,  
যারা নিজেদের কৃতকর্মের  
উপর আনন্দিত হয় এবং না  
করা বিষয়ের জন্য প্রশংসা  
কামনা করে, তারা আমার  
নিকট থেকে অব্যাহতি  
লাভ করেছে। বস্তুতঃ  
তাদের জন্য রয়েছে  
বেদনাদায়ক আযাব।

188. Do not think that  
those who rejoice in  
what they have brought  
about, and they love  
to be praised for what  
they have not done.  
So do not think them  
(to be) in safety from  
the punishment. And  
for them is a painful  
punishment.

لَا تَحْسَبَنَّ الَّذِينَ يَفْرَحُونَ بِمَا  
آتَوْا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ  
يَفْعَلُوا فَلَا تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِنَ  
الْعَذَابِ وَهُمْ عَذَابِ الْيَوْمِ ﴿١٨٨﴾

189. আর আল্লাহর জন্যই  
হল আসমান ও যমিনের  
বাদশাহী। আল্লাহই সর্ব  
বিষয়ে ক্ষমতার অধিকারী।

189. And to Allah  
belongs the dominion  
of the heavens and the  
earth. And Allah has  
power over all things.

وَاللَّهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ  
وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٨٩﴾

190. নিশ্চয় আসমান ও যমীন সৃষ্টিতে এবং রাত্রি ও দিনের আবর্তনে নিদর্শন রয়েছে বোধ সম্পন্ন লোকদের জন্যে।

190. Certainly, in the creation of the heavens and the earth, and the alternation of the night and the day, are indeed signs for those of understanding.

إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالْأَرْضِ  
وَإِخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لآيَاتٍ  
لِّأُولِي الْأَلْبَابِ ﴿١٩٠﴾

191. যাঁরা দাঁড়িয়ে, বসে, ও শায়িত অবস্থায় আল্লাহকে স্মরণ করে এবং চিন্তা গবেষণা করে আসমান ও জমিন সৃষ্টির বিষয়ে, (তারা বলে) পরওয়ারদেগার! এসব তুমি অনর্থক সৃষ্টি করনি। সকল পবিত্রতা তোমারই, আমাদেরকে তুমি দোমখের শাস্তি থেকে বাঁচাও।

191. Those who remember Allah, standing, and sitting, and (lying) on their sides, and reflect in the creation of the heavens and the earth, (saying): “Our Lord, You have not created this in vain. Glory be to You. So protect us from the punishment of the Fire.”

الَّذِينَ يَذْكُرُونَ اللَّهَ قِيَامًا  
وَقُعُودًا وَعَلَىٰ جُنُوبِهِمْ  
وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَوَاتِ  
وَالْأَرْضِ رَبَّنَا مَا خَلَقْتَ هَذَا  
بَاطِلًا سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ  
النَّارِ ﴿١٩١﴾

192. হে আমাদের পালনকর্তা! নিশ্চয় তুমি যাকে দোমখে নিষ্ফেপ করলে তাকে সবসময়ে অপমানিত করলে; আর জালেমদের জন্যে তো সাহায্যকারী নেই।

192. “Our Lord, indeed, whoever You admit to the Fire, then certainly, You have disgraced him. And for wrongdoers there will not be any helpers.”

رَبَّنَا إِنَّكَ مَنْ تَدْخِلِ النَّارَ فَقَدْ  
أَخْزَيْتَهُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ  
أَنْصَارٍ ﴿١٩٢﴾

193. হে আমাদের পালনকর্তা! আমরা নিশ্চিতরূপে শুনেছি একজন আহবানকারীকে ঈমানের প্রতি আহবান করতে যে, তোমাদের পালনকর্তার প্রতি ঈমান

193. “Our Lord, indeed We have heard a caller (Muhammad) calling to faith (saying) that: ‘Believe you in your Lord.’ So we believed. Our Lord, so forgive us

رَبَّنَا إِنَّا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي  
لِلْإِيمَانِ أَنْ آمِنُوا بِرَبِّكُمْ فَآمَنَّا  
رَبَّنَا فَاعْفُ رَ لَنَا ذُنُوبَنَا وَكَفِّرْ عَنَّا  
سَيِّئَاتِنَا وَتَوَفَّنَا مَعَ الْأَبْرَارِ ﴿١٩٣﴾

আন; তাই আমরা ঈমান এনেছি। হে আমাদের পালনকর্তা! অতঃপর আমাদের সকল গোনাহ মাফ কর এবং আমাদের সকল দোষত্রুটি দূর করে দাও, আর আমাদের মৃত্যু দাও নেক লোকদের সাথে।

194. হে আমাদের পালনকর্তা! আমাদেরকে দাও, যা তুমি ওয়াদা করেছ তোমার রসূলগণের মাধ্যমে এবং কিয়ামতের দিন আমাদেরকে তুমি অপমানিত করো না। নিশ্চয় তুমি ওয়াদা খেলাফ করো না।

195. অতঃপর তাদের পালনকর্তা তাদের দোয়া (এই বলে) কবুল করে নিলেন যে, আমি তোমাদের কোন পরিগ্রহকারীর পরিগ্রহই বিনষ্ট করি না, তা সে পুরুষ হোক কিংবা স্ত্রীলোক। তোমরা পরস্পর এক। তারপর সে সমস্ত লোক যারা হিজরত করেছে, তাদেরকে নিজেদের দেশ থেকে বের করে দেওয়া হয়েছে এবং তাদের প্রতি উৎপীড়ন করা হয়েছে আমার পথে এবং যারা লড়াই করেছে ও মৃত্যুবরণ

our sins, and remove from us our evil deeds, and cause us to die with the righteous.”

194. “Our Lord, and grant us that which You promised us through Your messengers, and do not humiliate us on the Day of Resurrection. Indeed, You do not break (Your) promise.”

195. So their Lord responded them (saying): “Indeed, never will I allow to be lost the deed of (any) doer among you, of male or female. You are one from another. So those who emigrated, and were driven out from their homes, and suffered harm in My cause, and who fought, and were killed. Surely, I will remove from them their evil deeds, and

رَبَّنَا وَإِنَّا مَا وَعَدْتَنَا عَلَىٰ رُسُلِكَ  
وَلَا نُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ إِنَّكَ لَا  
تُخْلِفُ الْمِيعَادَ

فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ أَنِّي لَا  
أضِيعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّمَّنْ  
ذَكَرَ أَوْ أُنْثَىٰ بَعْضُكُمْ مِّنْ بَعْضٍ  
فَالَّذِينَ هَاجَرُوا وَأُخْرِجُوا مِنْ  
دِيَارِهِمْ وَأُودُوا فِي سَبِيلِي وَقُتِلُوا  
وَقُتِلُوا لَا كُفِّرَنَّ عَنْهُمْ سَيِّئَاتِهِمْ  
وَلَأُدْخِلَنَّهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ  
تَحْتِهَا الْأَنْهَارُ ثَوَابًا مِّنْ عِنْدِ اللَّهِ وَ



করেছে, অবশ্যই আমি তাদের উপর থেকে অকল্যাণকে অপসারিত করব। এবং তাদেরকে প্রবিষ্ট করব জান্নাতে যার তলদেশে নহর সমূহ প্রবাহিত। এই হলো বিনিময় আল্লাহর পক্ষ থেকে। আর আল্লাহর নিকট রয়েছে উত্তম বিনিময়।

surely I will enter them into Gardens underneath which rivers flow. A reward from Allah. And Allah, with Him is the best of the rewards.”

اللَّهُ عِنْدَهُ حَسُنَ الثَّوَابِ ﴿١٠٦﴾

196. নগরীতে কাফেরদের চাল-চলন যেন তোমাদিগকে ধোঁকা না দেয়।

196. Let not deceive you the movement (with affluence), of those who disbelieve, through the land.

لَا يَغُرُّكَ تَقَلُّبُ الَّذِينَ كَفَرُوا فِي الْبِلَادِ ﴿١٠٧﴾

197. এটা হলো সামান্য ফায়দা-এরপর তাদের ঠিকানা হবে দোযখ। আর সেটি হলো অতি নিকৃষ্ট অবস্থান।

197. A brief enjoyment. Then afterwards, their ultimate abode will be Hell. And an evil resting place.

مَتَاعٌ قَلِيلٌ ثُمَّ مَا لَهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٠٨﴾

198. কিন্তু যারা ভয় করে নিজেদের পালনকর্তাকে তাদের জন্যে রয়েছে জান্নাত যার তলদেশে প্রবাহিত রয়েছে প্রস্রবণ। তাতে আল্লাহর পক্ষ থেকে সদা আপ্যায়ন চলতে থাকবে। আর যা আল্লাহর নিকট রয়েছে, তা সংকর্মশীলদের জন্যে একান্তই উত্তম।

198. But those who fear their Lord, for them are Gardens underneath which rivers flow, they will abide forever therein. A gift of welcome from Allah. And that which is with Allah is better for the righteous.

لَكِنَّ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا نُزُلًا مِّنْ عِنْدِ اللَّهِ وَمَا عِنْدَ اللَّهِ خَيْرٌ لِّلْأَبْرَارِ ﴿١٠٩﴾

199. আর আহলে কিতাবদের মধ্যে কেউ কেউ এমনও রয়েছে, যারা আল্লাহর উপর ঈমান আনে

199. And indeed, among the People of the Scripture there are those who believe

وَإِنَّ مِنْ أَهْلِ الْكِتَابِ لَمَنْ يُؤْمِنُ بِاللَّهِ وَمَا أُنزِلَ إِلَيْكُمْ وَمَا أُنزِلَ

এবং যা কিছু তোমার উপর অবতীর্ণ হয় আর যা কিছু তাদের উপর অবতীর্ণ হয়েছে সেগুলোর উপর, আল্লাহর সামনে বিনয়াবনত থাকে এবং আল্লার আয়াতসমূহকে স্বল্পমূল্যের বিনিময়ে সওদা করে না, তাবাই হলো সে লোক যাদের জন্য পারিশ্রমিক রয়েছে তাদের পালনকর্তার নিকট। নিশ্চয়ই আল্লাহ যথাশীঘ্র হিসাব চুকিয়ে দেন।

in Allah and that which is revealed to you, and that which was revealed to them, humbling themselves before Allah. They do not sell the verses of Allah for a little price. Those, for them their reward is with their Lord. Indeed, Allah is swift in taking account.

إِلَيْهِمْ خَشَعِينَ لِلَّهِ لَا يَشْتَرُونَ  
بِآيَاتِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ هُمُ  
أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ إِنَّ اللَّهَ  
سَرِيعُ الْحِسَابِ ﴿١١١﴾

200. হে ঈমানদানগণ! ধৈর্য্য ধারণ কর এবং মোকাবেলায় দৃঢ়তা অবলম্বন কর। আর আল্লাহকে ভয় করতে থাক যাতে তোমরা তোমাদের উদ্দেশ্য লাভে সমর্থ হতে পার।

200. O those who believe, persevere, and excel in endurance, and strengthen each other, and fear Allah, that you may be successful.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا  
وَصَابِرُوا وَرَابِطُوا وَاتَّقُوا اللَّهَ  
لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٢٠٠﴾

